গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১১.০৬.০০১.২২.

তারিখ: ০১ ভাদ্র ১৪২৯ / ১৬ আগস্ট ২০২২

**বিষয়: মাসিকভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির আগস্ট, ২০২২ মাসের প্রতিবেদন প্রেরণ।**

২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসিকভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির আগস্ট, ২০২২ মাসের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: আগস্ট ২০২২ মাসের প্রতিবেদন।

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
ফোন: ৯৫৮৪৮৮৯
ইমেইল: programmer@emrd.gov.bd

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

[দৃ: আ: উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ]

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
২। পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। উপসচিব (প্রশাসন-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা
৬। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
৭। প্রকল্প পরিচালক, শরীয়তপুর-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাপেক্স, ঢাকা
৮। প্রকল্প পরিচালক, টবগী-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাপেক্স, ঢাকা
৯। প্রকল্প পরিচালক, কৈলাশটিলা-৮ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাপেক্স, ঢাকা
১০। উপ-মহাব্যবস্থাপক (ভিজিল্যান্স), পেট্রোবাংলা
১১। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১২। যুগ্মসচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার

## মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য গঠিত কমিটির
## আগস্ট, ২০২২ মাসের প্রতিবেদন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বা এপিএ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম মনিটরিং এর জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৭ জুলাই, ২০২২ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ সংখ্যক অফিস আদেশবলে মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য কমিটি গঠন করা হয়। কার্যপরিধি অনুযায়ী উক্ত কার্যক্রমের ওপর কমিটি প্রতিমাসে অন্তত একটিসহ ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে। বর্ণিত কার্যক্রমের আওতায় ২ (দুই)টি উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

### ২। কমিটির কার্যক্রম:

কমিটি গত মাসের সিদ্ধান্ত অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে নির্ধারিত লক্ষ্যমাত্রার আওতাধীন কৈলাশটিলা#৮ খনন এলাকা সরেজমিন পরিদর্শন করে। পরিদর্শনের পর কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকসহ প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে গোলাপগঞ্জে এক সভায় মিলিত হয়ে কমিটি কৈলাশটিলা#৮ খনন বিষয়ে বিস্তারিত অবহিত হয়। বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য তৈল/গ্যাস আবিস্কার সাপেক্ষে এই কূপ হতে দৈনিক গড়ে ২১ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের সম্ভাবনা রয়েছে।

**পরিদর্শনের তারিখ:** ০৪ আগস্ট ২০২২

**পরিদর্শনকারী কর্মকর্তা:**

১) জনাব শাহিনা খাতুন, যুগ্মসচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) জনাব মোঃ হাফিজুর রহমান চৌধুরী, যুগ্মসচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) মোছাম্মাৎ ফারহানা রহমান, উপসচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) জনাব এম নাসিমুল আলীম, উপমহাব্যবস্থাপক (ভিজিল্যান্স), পেট্রোবাংলা
৫) জনাব মো: মাফরুল আলম, প্রোগ্রামার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

**পরিদর্শনকৃত এলাকা:** সিলেটের গোলাপগঞ্জ উপজেলাধীন কৈলাশটিলা#৮ অনুসন্ধান কূপ খনন এলাকা এবং সংযোগ সড়কসহ প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ এলাকা।

**আয়োজক:** পেট্রোবাংলার আওতাধীন সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল)।

### ৩। খনন কার্যক্রমের অগ্রগতি:

কৈলাশটিলা#৮ গ্যাস অনুসন্ধান কূপ ১৫০,২৭.০০ লক্ষ টাকা ব্যয়ে জুন ২০২৩ নাগাদ সম্পন্নের লক্ষ্যে কার্যক্রম শুরু হয়েছে। কৈলাশটিলা স্ট্রাকচারে ২৫০০ (±৫০) মিটার গভীরতায় গ্যাস কূপ হিসেবে এই কূপটি খনন করা হবে। পরিবেশ অধিদপ্তর হতে ইতোমধ্যে পরিবেশ ছাড়পত্র পাওয়া গিয়েছে। আগস্ট, ২০২২ পযন্ত এই প্রকল্পের ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ১৯.৬৮%।

**কার্যক্রমভিত্তিক অগ্রগতি নিম্নরূপ:**

১) <u>৬.৫৮ একর ভূমি অধিগ্রহণ</u>: জমি অধিগ্রহণের জন্য সিলেট ডিসি অফিস কর্তৃক ৮(৩) ধারা নোটিশ জারি করা হয়েছে। ডিসি অফিস কর্তৃক জমির মালিকানা হস্তান্তর করা হয়েছে।

২) <u>ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য পূর্তকাজ</u>: ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীব নির্মাণ ও অন্যান্য পূর্তকাজ সম্পাদনের নিমিত্ত সকল প্রক্রিয়া সম্পন্ন করে Jewel construction (Pvt) Ltd. এর সাথে চুক্তি সম্পদান করা হয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে যৌথ জরিপ সম্পন্ন করা হয়েছে। ভূমি উন্নয়ন কাজ চলমান।

৩) বৈদেশিক পরামর্শক নিয়োগ: বৈদেশিক পরামর্শক নিয়োগের জন্য আহবানকৃত দরপ্রস্তাবের বিপরীতে প্রাপ্ত দরপত্রের মধ্যে সর্বোচ্চ স্কোরধারী প্রতিষ্ঠান মেসার্স Rich Spread Group Limited এর সাথে ০৭-১১-২০২১ তারিখে চূড়ান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে। খনন কাজ শুরু হলে পরামর্শক সেবা প্রদান করবে।


৪) খনন মালামাল ক্রয়: দুই লট খনন মালামাল (ডাউন হোল কমপ্লিশন ইক্যুপমেন্ট এবং মাড ও কমপ্লিশন কেমিক্যাল) ক্রয়ের লক্ষ্যে আহবানকৃত দরপত্র মূল্যায়ন প্রতিবেদন সিসিজিপির কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রাক্কলিত মূল্য অপেক্ষা উদ্ধৃত দর বেশি বিষয়ে প্রশাসনিক অনুমোদনের জন্য পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। অনুমোদিত হলে ডাউন হোল ইক্যুপমেন্টের জন্য M/s. Halliburton Far East Pte Ltd. এবং মাড ও কমপ্লিশ কেমিক্যালের জন্য Global Drilling Fluids and Chemicals Limited এর সাথে চুক্তি সম্পাদন করা হবে।

৫) তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা: (১) ওয়্যার লাইন লগিংসার্ভিসেস, (২) কোর ও পিভিটি এনালাইসিস সার্ভিস,(৩) ডিএসটিই ও প্রোডাকশন টেস্টিং সার্ভিস (৪) স্লিকলাইন অপারেশন সার্ভিস (৫) ডিরেকশনাল ড্রিলিং সার্ভিস (৬) সিমেন্ট ও সিমেন্ট এডিটিভস এবং রিএজেন্ট ও টেস্টিং কিডসহ সিমেন্টেশন সার্ভিস সংগ্রহের লক্ষ্যে আহবানকৃত দরপত্রের মূল্যায়নপূর্বক সিসিজিপির অনুমোদন সাপক্ষে সংগ্রহের নিমিত্ত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। ড্রিলিং অপারেশন শুরু হওয়া সাপেক্ষে বাস্তব কাজ শুরু হবে।

৬) ড্রিলিং অপারেশন: আলোচ্য খনন অপারেশনসহস মাড ইঞ্জিনিয়ারিং ও মাড লগিং সার্ভিস, টেস্টিং সার্ভিস-সহ স্লিক লাইন ইউনিট বাপেক্স প্রদান বিষয়ে গত ১৪/১২/২০২১ তারিখে বাপেক্সের সাথে খসড়া চুক্তি সম্পন্ন হয়েছে। সিসিজিপি'র অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত চুক্তি স্বাক্ষর করা হবে। জানুয়ারী ২০২৩ মাসে ড্রিলিং অপারেশন শুরু করা হবে।

৭) গ্যাস গ্যাদারিং পাইপ লাইন: খনন শেষে গ্যাস প্রাপ্তি সাপেক্ষে ১.৩ কিলোমিটার দৈর্ঘ্য বিশিষ্ট গ্যাস গ্যাদারিং পাইপ লাইন স্থাপনের লক্ষ্যে সহসা দরপত্র প্রস্তুত, মূল্যায়ন করে ঠিকাদার প্রতিষ্ঠান নির্বাচিত করে চুক্তি সম্পাদন করা হবে। গ্যাস পাওয়া সাপেক্ষে জুন ২০২৩ সালের মধ্যে পাইপ লাইন স্থাপনের পরিকল্পনা রয়েছে।

**৪। খনন এলাকা পরিদর্শনের স্থিরচিত্র:**



৪। মন্তব্য/সুপারিশ:

(ক) কৈলাশটিলা#৮ কূপ খনন কার্যক্রমের সার্বিক অগ্রগতি সন্তোষজনক। ২০২২-২৩ অর্থবছরে সম্পাদিতব্য কূপ খনন কার্যক্রমের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে কমিটির নিকট প্রেরণ করতে হবে।

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

এম নাসিমুল আলীম
উপমহাব্যবস্থাপক (ভিজিলেন্স)
পেট্রোবাংলা

মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব (প্রশাসন-২)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

শাহিনা খাতুন
যুগ্মসচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ